

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
সিংড়া, নাটোর

www.dls.singra.natore.gov.bd

স্মারক নং- 33.01.6991.000.৫২.00৩.2২-
115

তারিখঃ 06 ফাল্গুন ১৪২৯ বঃ
19 ফেব্রুয়ারি ২০২3খ্রিঃ

নোটিশ

এতদ্বারা সিংড়া উপজেলার খামারিগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প (এলডিডিপি) এর আওতায় আগামী 25 ফেব্রুয়ারি, 2023 খ্রিঃ রোজ শনিবার সিংড়া দমদমা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় চত্বরে দিনব্যাপি প্রাণিসম্পদ প্রদর্শনী-2023 অনুষ্ঠিত হবে। উক্ত প্রদর্শনীতে উন্নত জাতের প্রদর্শনযোগ্য প্রাণি (গাভী, বকনা, ছাগল, ভেড়া, পোল্ট্রি ইত্যাদি), প্রাণিজাত পণ্য (দই, ছানা, ঘি, মাখন, পনির, মাঠা, মিষ্টি, কেক, পুডিং, কাবাব, গ্রিল, কিমা ইত্যাদি), প্রাণিসম্পদ প্রযুক্তি (ইউএমএস, সাইলেজ, হে, ক্রিম সেপারেটর মেশিন, কর্ণ সাইলেজ মেকিং মেশিন ইত্যাদি) আনার জন্য খামারিদের অনুরোধ করা হচ্ছে। প্রদর্শনীতে কোন প্রাণি বা প্রাণিসম্পদ প্রযুক্তি প্রদর্শনের পূর্বে অবশ্যই খামারিগণকে আগামী 23/02/2023 খ্রিঃ তারিখের মধ্যে অত্র দপ্তরে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। রেজিস্ট্রেশনের জন্য খামারিগণকে এনআইডি (NID) কার্ডের ফটোকপি সাথে আনতে হবে। উল্লেখ্য যে, খামারিগণের সাথে সরাসরি যোগাযোগের মাধ্যমে প্রদর্শনী যোগ্য প্রাণি যাচাই-বাছাই পূর্বক প্রদর্শনীতে উপস্থিতি নিশ্চিত করা হবে। এতদবিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কাম্য।

(ডাঃ কে.এম. ইফতেখারুল ইসলাম)

উপজেলা প্রাণিসম্পদ অফিসার

সিংড়া, নাটোর

ফোন: 02588875709

ই-মেইল: ulosingra@dls.gov.bd

স্মারক নং-

33.01.6991.000.৫২.00৩.2২-115

তারিখঃ 06 ফাল্গুন ১৪২৯ বঃ

19 ফেব্রুয়ারি

২০২3খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ সহ)

- 1। উপজেলা নির্বাহী অফিসার, সিংড়া, নাটোর
- 2। উপজেলা কৃষি অফিসার, সিংড়া, নাটোর
- 3। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, সিংড়া, নাটোর
- 4। অফিসার ইনচার্জ, সিংড়া থানা, সিংড়া
- 5। উপজেলা যুব উন্নয়ন অফিসার, সিংড়া, নাটোর
- 6। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সিংড়া, নাটোর
- 7। নোটিশ বোর্ড, সকল ইউনিয়ন পরিষদ, সিংড়া, নাটোর
- 8। অফিস কপি।